

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
মুদ্রণ ও প্রকাশনা শাখা

বিজ্ঞপ্তি

তারিখ: ০৭ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ/২১ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ।

নং ০৩ (মুঝপ্রঃ) —গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০৬ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ/২০ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ০৩, ২০১৬

পঞ্চী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে পঞ্চী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ (২০১৪ সনের ৭ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ অধিবেশনে নাই এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন এবং জারি করিলেন:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—এই অধ্যাদেশ পঞ্চী সঞ্চয় ব্যাংক (সংশোধন) অধ্যাদেশ, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৬ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। ২০১৪ সনের ৭ নং আইনের ধারা ৩ এর সংশোধন।—পঞ্চী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ (২০১৪ সনের ৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (২) এর পর নিম্নরূপ উপ-ধারা (৩) সংযোজিত হইবে, যথা:—

(১৬৭৯৩)
মূল্য : টাকা ৪.০০

“(৩) এই আইনের অধীন ব্যাংকের সহিত নিবন্ধিত সমিতির ক্ষেত্রে মাইক্রোক্রেডিট রেগুলেটরি
অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২ নং আইন) এর বিধানাবলী প্রযোজ্য হইবে
না।”।

৩। ২০১৪ সনের ৭ নং আইনে নৃতন ধারা ৬ক এর সন্নিবেশ—উক্ত আইনের ধারা ৬ এর পর
নিম্নরূপ নৃতন ধারা ৬ক সন্নিবেশিত হইবে, যথা:—

- “৬ক। সমিতির আইনগত পর্যাদা, ইত্যাদি।—(১) ধারা ৬ এর অধীন ব্যাংকের নিবন্ধিত
শেয়ারহোল্ডার প্রত্যেক সমিতি হইবে স্বতন্ত্র আইনগত সত্ত্বাবিশিষ্ট একটি সংবিধিবদ্ধ
সংস্থা, এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং
এই আইনের বিধানাবলী সাপেক্ষে, ইহার স্থাবর ও অঙ্গাবর উভয় প্রকার সম্পত্তি
অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং
সমিতি ইহার নামে মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধেও মামলা দায়ের
করা যাইবে।
- (২) নিবন্ধিত সমিতির ব্যবস্থাপনা, নির্বাচন, বার্ষিক সাধারণ সভা, সম্পত্তি ও তহবিল
ব্যবস্থাপনা, নিরীক্ষা, পরিদর্শন, তদন্ত, বিরোধ নিষ্পত্তি, অবসায়ন ও বিলুপ্তি, বিশেষ
অধিকার, সমিতির সদস্যগণের বিশেষ সুবিধা ও দায়-দায়িত্ব ও উহা বলবৎকরণ,
বকেয়া অর্থ আদায়, প্রাণ্তিক পর্যায়ে সেবা প্রদান এবং অন্যান্য বিষয়াদি বিধি দ্বারা
নির্ধারিত হইবে।”।

৪। ২০১৪ সনের ৭ নং আইনের ধারা ৩৯ এর সংশোধন—উক্ত আইনের ধারা ৩৯ এর
উপ-ধারা (১) এর—

- (ক) দফা (ক) এর “এর প্রকল্প মেয়াদ ৩০ জুন, ২০১৬ তারিখ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত”
শব্দগুলি, সংখ্যাগুলি ও কমা বিলুপ্ত হইবে;
- (খ) দফা (খ) এর “দফা (ক) এ উল্লিখিত সময়সীমা উত্তীর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে প্রকল্পটি”
শব্দগুলি, বদ্ধনী ও বর্ণগুলির পরিবর্তে “সরকার কর্তৃক নির্ধারিত তারিখে উক্ত প্রকল্প”
শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

মোঃ আব্দুল হামিদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

তারিখ: ০৬ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ
২০ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ।

মোহাম্মদ শহিদুল হক
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd